প্রাপ্তি নং ... তাং ...
এইউইও ...
ইউডিএ ...
এলডিএ ...
ব্যবস্থা নিন/নথিজাত/পেশ করুন।
ইউইও

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
দিনাজপুর।
www.dpeodinajpur.gov.bd

স্মারক নং-জেপ্রাশিঅ/দিনাজ/ডিপিএড-২০২১/ ১৭৯৯/১১ তারিখ: ০৯/১১/২০২১খ্রিঃ

**বিষয় : 2022-2023 শিক্ষাবর্ষে ডিপিএড কোর্সে রেজিস্ট্রেশনের কোটা বন্টন।**

সুত্র : জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী(নেপ) ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন(ডিপিএড) বোড, ময়মনসিংহ এর স্মারক নং:৩৮.৪১৮.০০.০০.০৫৮-২০১০-৯৩ তারিখ: ০৭ নভেম্বর,২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ডিপিএড কোর্সে রেজিস্ট্রেশনের লক্ষ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত প্রশিক্ষণবিহীন **ন্যুনতম এইচএসসি পাশ** শিক্ষকগণকে ডেপুটেশন প্রদানের জন্য নিম্ন উপজেলাভিত্তিক কোটা বন্টন করা হলো । কোটা অনুযায়ী শিক্ষকগণকে নিম্নবর্ণিত শর্ত অনুসরণপূর্বক **দিনাজপুর পি টিআই** এ ডেপুটেশন প্রদানের জন্য অনুরোধ করা হলো ।

| ক্রমিক নং | উপজেলার নাম | কোটা | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | ১ম শিফট | ২য় শিফট | | |
| ০১ | কাহারোল | ১৩ | ১৩ | ২৬ | |
| ০২ | খানসামা | ১২ | ১২ | ২৪ | |
| ০৩ | চিরিরবন্দর | ১৭ | ১৭ | ৩৪ | |
| ০৪ | সদর | ১৮ | ১৭ | ৩৫ | |
| ০৫ | নবাবগঞ্জ | ১৯ | ১৯ | ৩৮ | |
| ০৬ | পার্বতীপুর | ২৮ | ২৮ | ৫৬ | |
| ০৭ | ফুলবাড়ী | ১৬ | ১৬ | ৩২ | |
| ০৮ | বিরল | ১৮ | ১৮ | ৩৬ | |
| ০৯ | বিরামপুর | ১০ | ১১ | ২১ | |
| ১০ | বীরগঞ্জ | ৩১ | ৩০ | ৬১ | |
| ১১ | বোচাগঞ্জ | ১৮ | ১৯ | ৩৭ | |
| সর্বমোট: | | ২০০ | ২০০ | ৪০০ | |

**শর্তসমূহ:**

১। ডেপুটেশন প্রদানের ক্ষেত্রে এতদসহ সংযুক্ত সি-এন-এড বোর্ডের ২৩/১০/২০০৬খ্রি: তারিখের সি-ইন-এড বোর্ড/পরী(৪)/০৬/ভর্তি-১০/৪৯৯২(১১৯) নং স্মারকে জারীকৃত ভর্তির নীতিমালা এবং মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহোদয় কর্তৃক ১৫/৬/২০০৬ তারিখে স্বাক্ষরিত ভর্তি/ডেপুটেশন নীতিমালা অনুরসরণ করতে হবে।

২। জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রশিক্ষণবিহীন শিক্ষককে ডেপুটেশন প্রদান করতে হবে।

৩। বরাদ্দকৃত কোটা মোতাবেক শিক্ষকগণকে আগামী ৩০নভেম্বর,২০২১খ্রি: তারিখের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডেপুটেশন প্রদান এবং **০১-২০ ডিসেম্বর,২০২১খ্রি:** তারিখের মধ্যে অনলাইনে ফরম পূরণ করে সংশ্লিষ্ট পিটিআইতে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। ডেপুটেশন প্রদানের ক্ষেত্রে অভিন্ন আদেশ জারী করতে হবে।